অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/15/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পরিচ্ছন্ন হাইড্রোজেন সংক্রান্ত উদ্ভাবন অগ্রসর করতে এখন 16 মিলিয়ন মার্কিন ডলারের বেশি উপলভ্য থাকার ঘোষণা করলেন

গবেষণা, বিকাশ, এবং প্রদর্শনী প্রকল্পকে সমর্থন করে এবং ফেডারেল অর্থায়নের সুযোগ কাজে লাগাতে সাহায্য করে

ইন্ডাস্ট্রিয়াল প্রক্রিয়ায় পরিচ্ছন্ন হাইড্রোজেনের ব্যবহার, পরিচ্ছন্ন পরিবহন, শক্তি স্টোরেজ, এবং গ্রিড সমর্থনের প্রচার করে

2040 সালের মধ্যে 100 ভাগ নিঃসরণমুক্ত বিদ্যুৎ অর্জন করার স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে হাইড্রোজেন এবং পরিচ্ছন্ন জ্বালানি কর্মসূচির (Hydrogen and Clean Fuel Program) মাধ্যমে পরিচ্ছন্ন হাইড্রোজেন সম্পর্কিত উদ্ভাবন অগ্রসর করার জন্য এখন 16 মিলিয়ন মার্কিন ডলারের বেশি উপলভ্য আছে। তহবিলটি গবেষণা, বিকাশ, এবং প্রদর্শনী প্রকল্পকে সমর্থন করবে এবং এছাড়াও ফেডারেল অর্থায়নের সুযোগ কাজে লাগাতে, ইন্ডাস্ট্রিয়াল প্রক্রিয়ায় পরিচ্ছন্ন হাইড্রোজেনের ব্যবহার, পরিচ্ছন্ন পরিবহন, শক্তি স্টোরেজ, এবং গ্রিড সমর্থনের প্রচার করতে সাহায্য করবে। আজকের ঘোষণাটি 2040 সালের মধ্যে 100 ভাগ নিঃসরণমুক্ত বিদ্যুৎ অর্জন করার স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যকে সমর্থন করে।

"একটি পরিচ্ছন্ন হাইড্রোজেন ইকোসিস্টেম গঠনের ক্ষেত্রে এবং একদম নতুন শিল্পখাতটির বিকাশের ক্ষেত্রে নিউ ইয়র্ক শীর্ষে রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "আমরা সবুজ অর্থনীতি গ্রহণ করে চলেছি, তাই অর্থনীতিব্যাপী নিঃসরণ হ্রাস করার জন্য এবং নতুন পরিচ্ছন্ন শক্তি চাকরির সুযোগ তৈরি করার জন্য বিকল্প জ্বালানি অগ্রসর করা একটি গুরুত্বপূর্ণ উপায়।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) পরিচালিত এই তহবিলটি এখন হাইড্রোজেন এবং পরিচ্ছন্ন জ্বালানি কর্মসূচির অধীনে দুইটি প্রতিযোগিতামূলক সুযোগের মাধ্যমে উপলভ্য হবে, একটি 11 মিলিয়ন মার্কিন ডলারের গবেষণা ও বিকাশ আবেদনের অনুরোধ এবং একটি 5 মিলিয়ন মার্কিন ডলারের আবর্তিত আবেদনের অনুরোধ যা নিউ ইয়র্কভিত্তিক কর্মসূচিকে

ফেডারেল হাইড্রোজেন তহবিল পাওয়ার জন্য সফলভাবে আবেদন করতে সত্তাসমূহের সাথে খরচ ভাগ করে নেওয়ার সমর্থন প্রদান করে।পরিবেশগত ন্যায়বিচার এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের দৃষ্টিভঙ্গি এই আবেদনের অনুরোধের মুখ্য ক্ষেত্রসমূহকে আকার দান করেছে।

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী নিঃসরণ হ্রাস লক্ষ্য অর্জন করার জন্য প্রয়োজন একটি সমরূপ সাহসী পন্থা যা উদ্ভাবন ও নতুন প্রযুক্তিকে সমর্থন করবে, যা পরিচ্ছন্ন হাইড্রোজেন গবেষণা ও বিকাশে স্টেটের চলমান বিনিয়োগ দ্বারা প্রদর্শিত হচ্ছে। বিশ্বব্রহ্মাণ্ডের সবথেকে প্রতুল উপাদান হিসেবে, হাইড্রোজেন একটি প্রাকৃতিক সমাধান যা সূর্যের জন্য জ্বালানি প্রদান করে এবং পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের জন্য একই শক্তিশালী সম্ভাবনা ধারণ করে।"

উভয় আবেদনের অনুরোধের আবেদনকারীরা একক সত্তা বা দল হতে পারে এবং তাদেরকে অবশ্যই পাঁচটি প্রযুক্তিগত সমস্যার একটির সমাধান করতে হবে যার ব্যাপ্তি শিল্পখাতে পরিচ্ছন্ন হাইড্রোজেনের ব্যবহার থেকে শুরু করে হাইড্রোজেন জ্বালানি কোষের বৈদ্যুতিক যানবাহন পর্যন্ত।

নিচের বিভাগসমূহে প্রস্তাবনা গৃহীত হবে:

- **পণ্য বিকাশ** - একটি বাজারজাতযোগ্য প্রযুক্তি পণ্য, সিস্টেম, কৌশল, বা সেবা এবং বাণিজ্যিকভাবে উপলভ্য নয় এমন কোনো উদ্ভাবনের পরীক্ষা বা যাচাই যা নিউ ইয়র্ক স্টেটে প্রস্তুতকৃত পণ্যের বাণিজ্যিকীকরণ সম্ভব করতে পারে তার বিকাশের জন্য অতি গুরুত্বপূর্ণ প্রয়াসসমূহকে অগ্রসর করা।
- **পাইলট এবং প্রদর্শনী প্রকল্প** - বাণিজ্যিকীকরণ ধাপে পৌঁছানোর জন্য পরীক্ষা প্রয়োজন বা ইতিমধ্যে বাণিজ্যিকভাবে উপলভ্য কিন্তু এখনো শিল্পখাতের গ্রহণযোগ্যতা বা নিউ ইয়র্ক স্টেটে উল্লেখযোগ্যভাবে বাজার পায়নি এমন উদ্ভাবনী প্রযুক্তি, সিস্টেম, কৌশল, বা সেবার প্রদর্শনী এবং পরীক্ষা।

গবেষণা, বিকাশ ও প্রদর্শনীর জন্য প্রদত্ত এটি দ্বিতীয় রাউন্ডের তহবিল এবং **15 জুলাই, 2024 বিকাল 3:00টা পর্যন্ত** আবেদন গ্রহণ করা হবে। প্রথম রাউন্ডে গৃহীত প্রস্তাবনাসমূহ মূল্যায়ন করা হচ্ছে এবং 2024 সালের তৃতীয় কোয়ার্টারে অর্থদান করা হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

আগে আসলে আগে পাবেন ভিত্তিতে **26 জুন, 2025 বিকাল 3:00টা** পর্যন্ত ব্যয় ভাগ করে নেওয়ার অর্থায়নের সুযোগের জন্য আবেদনপত্র গ্রহণ করা হবে । আরো তথ্য এবং সংশ্লিষ্ট নথিপত্রের জন্য, NYSERDA এর ওয়েবসাইট ভিজিট করুন।

এই দুইটি এবং ভবিষ্যতের হাইড্রোজেন আবেদন অনুরোধের জন্য সম্ভাব্য প্রস্তাবনা প্রদানকারীদের দল গঠন করার জন্য অংশীদার খুঁজে নিতে সাহায্য করার জন্য NYSERDA একটি নতুন অংশীদারিত্ব প্ল্যাটফর্ম তৈরি করেছে। আগ্রহী সত্তাদের উচিত সহযোগিতার জন্য সম্ভাব্য অংশীদারদের সনাক্ত করতে স্বেচ্ছায় নিজেদের তথ্য জমা করা।

নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশনের (New York State Public Service Commission) প্রধান নির্বাহী কর্মকর্তা রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "আমাদের ভবিষ্যৎ পরিচ্ছন্ন শক্তির অর্থনীতির জন্য নতুন বিকল্প জ্বালানি তৈরি করা একটি মুখ্য অংশ, এবং একটি পরিচ্ছন্ন হাইড্রোজেন সিস্টেম গঠন করা হলো সেই সার্বিক উদ্যোগের একটি অংশ। হাইড্রোজেন ও পরিচ্ছন্ন জ্বালানি কর্মসূচির মাধ্যমে পাওয়া অতি জরুরিভাবে প্রয়োজনীয় তহবিল নিঃসরণ হ্রাসের জন্য নতুন পন্থার বিকাশ ও প্রয়োগে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation) কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "জলবায়ু চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য নিউ ইয়র্কের উল্লেখযোগ্য বিনিয়োগ জীবাশ্ম জ্বালানির ব্যবহার হ্রাস করতে এবং জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের বাস্তবায়ন সমর্থন করতে স্টেটের টেকসই প্রয়াসসমূহের সম্পূরক হিসেবে গবেষণা ও বিকাশকে অগ্রসর করছে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, পরিচ্ছন্ন হাইড্রোজেন খাতে গবেষণা ও উদ্ভাবন বলীয়ান করার জন্য, একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে এবং সবুজতর পরিবেশে আমাদের স্থানান্তরে সহায়তা করার জন্য এখন 16 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য আছে।"

হাইড্রোজেন এবং লো কার্বন ফুয়েলসের (Hydrogen and Low Carbon Fuels) আঞ্চলিক প্রধান DNV অমিত গোয়াল বলেন, "যদিও মার্কিন যুক্তরাষ্ট্রের মুদ্রাস্ফীতি হ্রাস আইনে (U.S. Inflation Reduction Act) অন্তর্ভুক্ত কর ক্রেডিট পরিচ্ছন্ন হাইড্রোজেন প্রকল্পের অর্থনীতি উল্লেখযোগ্য পরিমাণ উন্নত করে, তবে বাস্তবতা এই যে প্রত্যেক স্টেটকে অভ্যন্তরীণ পরিচ্ছন্ন হাইড্রোজেন উৎপাদন ও ব্যবহার ত্বরান্বিত করার জন্য প্রত্যক্ষ পদক্ষেপও অবশ্যই গ্রহণ করতে হবে। নিউ ইয়র্কে পরিচ্ছন্ন ও নির্ভরযোগ্য হাইড্রোজেন উৎপাদন ও ব্যবহার ত্বরান্বিত করার জন্য গভর্নর হোকল ও NYSERDA এর সাহসী পদক্ষেপের জন্য তাদের স্বীকৃতি প্রাপ্য। ইন্ডাস্ট্রিয়াল প্রক্রিয়ার তাপ প্রয়োগ, অধিক আয়তনের ঘন স্টোরেজ, মাইক্রোগ্রিডের সমর্থন এবং হেভি ডিউটি পরিবহন সম্ভব করতে NYSERDA এর উদ্যোগ হলো ঠিক সেই ধরনের স্টেট পর্যায়ের সমর্থন যা ফেডারেল প্রণোদনার সম্পূরক হিসেবে কাজ করার জন্য এবং হাইড্রোজেন অর্থনীতির অনুঘটক হিসেবে কাজ করতে সাহায্য করার জন্য প্রয়োজন।"

জলবায়ু অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) স্কোপিং পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে এই উদ্যোগসমূহ গঠন করা হয়েছে, পরিকল্পনাটি পরিচ্ছন্ন হাইড্রোজেনের মতো স্বল্প কার্বনের জ্বালানির কৌশলী ব্যবহারকে গতানুগতিকভাবে বিদ্যুতায়ন করা কঠিন এমন ক্ষেত্রে ডিকার্বোনাইজেশন করার জন্য একটি গুরুত্বপূর্ণ পন্থা হিসেবে সনাক্ত করেছে। পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশনের সাথে বিবেচনাধীন NYSERDA এর এনার্জি স্টোরেজ রোডম্যাপের (Energy Storage Roadmap) প্রস্তাবনা অনুযায়ী, নিউ ইয়র্ক যখন নবায়নযোগ্য শক্তি দ্বারা এর বৈদ্যুতিক গ্রিডকে ডিকার্বোনাইজ করতে অগ্রসর হচ্ছে, তখন 2050 সালের মধ্যে কম পক্ষে 18 গিগাওয়াট (gigawatts, GW) নিঃসরণমুক্ত, দৃঢ়, ডিস্প্যাচযোগ্য দীর্ঘমেয়াদি শক্তি স্টোরেজ ধারণক্ষমতা আবশ্যিক।

আজকের ঘোষণাটি হলো অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করার স্টেটের লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় স্বল্প নিঃসরণ ও কার্বন সিকোয়েস্ট্রারিংকে ত্বরান্বিত করা

উদ্ভাবকদের সমর্থন করার জন্য গবেষণা, বিকাশ, এবং বাণিজ্যিকীকরণে নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগের অনুবর্তী। NYSERDA এর ইনোভেশন প্রোগ্রাম (Innovation Program) অনুদান ও রযাপঅ্যারাউন্ড বাণিজ্যিকীকরণের মাধ্যমে 10 বছরে 800 মিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ বিনিয়োগ করতে যাচ্ছে। 680 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বেসরকারি বিনিয়োগ এবং 200 মিলিয়ন ডলারেরও বেশি প্রকল্পের আর্থিক মূলধন সক্রিয় করা হয়েছে, এবং NYSERDA-এর প্রযুক্তি এবং ব্যবসায়িক উন্নয়ন বিনিয়োগের ফলস্বরূপ 450টিরও বেশি উদ্ভাবনী নির্মল বিদ্যুৎ পণ্য বাণিজ্যিকীকরণ করা হয়েছে, যার মধ্যে রয়েছে LED লাইটিং সিস্টেম, গৃহস্থালী সরঞ্জাম, আরো দীর্ঘস্থায়ী ব্যাটারি, এবং আরো দক্ষ হিটিং-ও-কুলিং সিস্টেম।

এইসব উদ্যোগের অর্থায়ন হবে স্টেটের 10 বছরের, 6 বিলিয়ন মার্কিন ডলারের পরিচ্ছন্ন শক্তি তহবিল (Clean Energy Fund, CEF) এবং আঞ্চলিক গ্রিনহাউজ গ্যাস উদ্যোগের (Regional Greenhouse Gas Initiative, RGGI) মাধ্যমে। CEF-এর ব্যাপারে আরো তথ্য NYSERDA এর ওয়েবসাইটে রয়েছে। RGGI সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে NYSERDA এর ওয়েবসাইট ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে ক্লিন এনার্জির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেটজুড়ে 64টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 40 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের

জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন